

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩৩.০৮৪.২২- ০৪

তারিখঃ ০২ জানুয়ারি, ২০২৪ খ্রি.

বিষয়: Human Papillomavirus (HPV) প্রাপ্ত শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদের জন্ম তারিখের সাল সংশোধন আবেদন গ্রহণ বা অগ্রায়ন না করণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। অনেক ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদের বয়স সংশোধনে জন্ম তারিখের বছর বা জন্ম সাল পরিবর্তনের জন্য আবেদন করা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে ৫ম থেকে ৯ম শ্রেণি অথবা সমমানে অধ্যয়নরত ছাত্রী এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০-১৪ বছর বয়সী কিশোরীদের HPV টিকা প্রদান করা হচ্ছে। উক্ত সেবাপ্রার্থীদের জন্ম নিবন্ধন নম্বরের ভিত্তিতে HPV টিকার রেজিস্ট্রেশন করা হয়। ইতোমধ্যে ১৩ লক্ষ জন্ম নিবন্ধন নম্বরের বিপরীতে HPV টিকা প্রাপ্ত সেবাপ্রার্থীদের HPV টিকা প্রাপ্তির রেজিস্ট্রেশন করা হয়েছে। উক্ত HPV টিকা প্রাপ্ত সেবাপ্রার্থীদের জন্ম নিবন্ধন সনদের জন্ম তারিখ পরিবর্তন করা হলে ১০-১৪ বছর বয়সের বেশি বা কম হলে পুনরায় HPV টিকা নেয়া বা না নেয়ার সম্ভাবনা থাকবে। স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে একাধিক HPV টিকা নেয়া যাবে না বরং একাধিক টিকা গ্রহণকারী কিশোরীদের নানা রকম স্বাস্থ্যগত সমস্যা হতে পারে। HPV টিকা প্রাপ্ত শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদের জন্ম তারিখ পরিবর্তন করা হলে জন্ম নিবন্ধন নম্বরের কোন মিল থাকবে না, যা পরবর্তীতে উক্ত শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের সমস্যা হতে পারে।

০২। বর্ণিত প্রেক্ষিতে HPV টিকা প্রাপ্ত শিক্ষার্থী/সেবাপ্রার্থীর জন্ম নিবন্ধন সনদের জন্ম তারিখ বা সাল সংশোধনের আবেদন গ্রহণ এবং এ অফিসে অগ্রায়ন না করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোন শিক্ষার্থী অনুকূলে সৃষ্ট HPV টিকার তথ্য BDRIS-এর Advance Search option-এ পাওয়া যাবে। ইহা যাচাই করে সংশোধনের আবেদন গ্রহণ এবং অগ্রায়ন করার পরামর্শও দেয়া হলো।



ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ
ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্ম সচিব)

ও

রেজিস্ট্রার জেনারেল (অতি: দায়িত্ব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোনঃ +৮৮০২৪১০৫২২৬০

Email: drg1@orgbdr.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
স্থানীয় সরকার শাখা
(www.pirojpur.gov.bd)


স্মারক নম্বর-০৫.১০.৭৯০০.০০৯.১৮.০৫৪.২৩- ৪৪

তারিখ : ০২/০১/২৪ পৌষ ১৪৩০
০৬ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিতরণ : জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়

- ১। পৌরসভার মেয়র (সকল)..... পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... পিরোজপুর।
- ৩। ইউনিয়ন পরিষদ সচিব (সকল)..... পিরোজপুর।



মোহাম্মদ আনিসুল ইসলাম

সহকারী পরিচালক

স্থানীয় সরকার

পিরোজপুর